

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) পুঁজিবাজারের তান্ত্রিক এবং প্রায়োগিক জ্ঞান প্রসারের লক্ষ্যে প্রতিষ্ঠিত একটি জাতীয় প্রতিষ্ঠান, যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পূর্ণ অর্থায়নে পরিচালিত। ইনস্টিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট এর স্থায়ী শূন্য পদে সরাসরি/ প্রেষণে/ চুক্তিভিত্তিক পূর্ণকালীন/ লিয়েন এর মাধ্যমে নিয়োগের নিমিত্ত নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

পদের নামঃ নির্বাহী প্রেসিডেন্ট।

দায়িত্ব ও কর্তব্যঃ

- বিআইসিএম এর পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত ও নির্দেশনার আলোকে ইনস্টিটিউটের সার্বিক কার্যক্রম পরিচালনা ও তত্ত্বাবধান করা;
- ইনস্টিটিউটের বিভিন্ন কার্যক্রমের বাস্তবায়ন ও কৌশলগত পরিকল্পনা প্রণয়ন ও নেতৃত্বদান করা;
- শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম তদারক করা ও তাতে অবদান রাখা।

শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতাঃ

ক) সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যাকিং/ব্যংকিং ও ইন্স্যুরেন্স/ব্যবস্থাপনা/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় প্রশাসন/মানব সম্পদ ব্যবস্থাপনা/ব্যবসায় শিক্ষার অন্যান্য বিষয়/আন্তর্জাতিক সম্পর্ক/লোক প্রশাসন/গভর্ন্যান্স এন্ড পাবলিক পলিসি/অর্থনীতি/পরিসংখ্যান/আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।

খ) অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচডি, চার্টাড এ্যাকাউন্ট্যান্টস (এফসিএ)/কস্ট এন্ড ম্যানেজমেন্ট এ্যাকাউন্ট্যান্টস (এফসিএমএ)/চার্টাড ফাইন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ) ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।

গ) কমপক্ষে ২০ (বিশ) বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও তথ্য যোগাযোগ প্রযুক্তিতে উচ্চতর পর্যায়ের জ্ঞান ও দক্ষতা; ইন্সটিটিউটকে বিশ্বমানের প্রতিষ্ঠানে উন্নীতকরণের প্রয়োজনীয় দুরদৃষ্টি; বিশ্লেষণ ক্ষমতা, ব্যবস্থাপনা ও প্রশাসনিক দক্ষতা এবং নেতৃত্বের গুণাবলীর অধিকারী; বাংলাদেশের অর্থনীতি, পুঁজিবাজার এবং বর্তমান আর্থিক অবস্থা সম্পর্কে সুস্পষ্ট জ্ঞানের অধিকারী, উন্নত সাংগঠনিক ও নেটওয়ার্কিং দক্ষতা; ইংরেজিতে অসাধারণ বাচনিক ও লৈখিক দক্ষতা; দেশে ও বিদেশে পুঁজিবাজার/ইন্সটিটিউট-এ পেশাদারী প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও প্রশিক্ষণ প্রদানে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

ঘ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।

ঙ) কোন স্বীকৃত প্রশিক্ষণ/গবেষণা প্রতিষ্ঠানের প্রশিক্ষক/গবেষক এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অথবা সরকারের কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা-এর ন্যূনতম যুগ্ম-সচিব পদমর্যাদা হিসেবে চাকুরির অভিজ্ঞতা।

বেতন ও অন্যান্য সুবিধাঃ

- * প্রারম্ভিক মাসিক মূল বেতন ১৭৫,০০০.০০ (এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকাসহ ইনস্টিটিউটের নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি।
- * উৎসব ভাতা- বছরে ০২টি (মূল বেতনের সমপরিমাণ) ও নিয়মানুযায়ী বৈশাখী ভাতা।
- * এছাড়াও বিধি মোতাবেক জ্বালানী ও চালকসহ একটি সার্বক্ষণিক গাড়ীর সুবিধা।

চাকুরির শর্তাবলীঃ

- * সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশির মেয়াদ হবে নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বছর;
- * চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তির মেয়াদ হবে নিয়োগের তারিখ হতে ০৩ (তিন) বছর। কাজের মূল্যায়নের উপর ভিত্তি করে পরবর্তীতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে;
- * আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে বয়স অনূর্ধ্ব ৫৫ বছর।

আবেদন প্রক্রিয়াঃ

আগ্রহী প্রার্থীগণকে ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি সহ আবেদনপত্র চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ তলা) ও ৯ম-১০ম তলা), ৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০ বরাবর পাঠাতে হবে। আবেদনপত্র <https://bicm.gov.bd/site/view/jobs/> লিংকে পাওয়া যাবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের সরাসরি সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

* আবেদনের শেষ তারিখঃ ০৩ মার্চ ২০২৫।

** বিআইসিএম কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি এবং/অথবা যেকোনো/সকল আবেদনপত্র বাতিল ঘোষণা করার ক্ষমতা রাখে।

বিদ্র: যে সকল আবেদনকারী ইন্সটিটিউটের স্মারক নং: ৫৩.২২.০০০০.১০৩.১১.০০১.২৪-১৭২; তারিখ: ১১ ডিসেম্বর ২৪ এর মাধ্যমে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।